প্রসঙ্গ বিদ্যুৎ

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র

সংখ্যা ৪ • ২০১৭

বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট-এর ইনফ্রাস্ট্রাক্চার সেশনে — জার্মানি, পোল্যান্ড, কানাডা, ইউএসএ, সার্বিয়া সহ অন্যান্য বিদেশি প্রতিনিধিদের সঙ্গে আলোচনায় - **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়,** মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর এবং **জনাব ফিরহাদ হাকিম,** মাননীয় মন্ত্রী, পুর ও নগর উন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

বক্তব্য রাখছেন পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস দপ্তর-এর মাননীয় মন্ত্রী, **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়**

Shri Sobhandeb Chattopadhyay, *Hon'ble MIC, Power & NES Deptt., GoWB* along with **Shri Sunil Kumar Gupta**, *IAS, Additional Chief Secretary, Power & NES Deptt.,* **Shri Santanu Basu**, *IAS, CMD, WBPDCL* and **Shri Rajesh Panday**, *IAS, CMD, WBSEDCL* in a meeting with **Mr. Thomas Weber**, *President, Jupiter Oxygen Corporation, USA* and **Uzair Syed**, *India Lead, High Growth Markets Unit, SCOTTISH Development International*

A FEW GLIMPSES OF BENGAL GLOBAL BUSINESS SUMMIT 2018

Shri Sobhandeb Chattopadhyay, Hon'ble MIC, Power & NES Deptt.; Shri Sunil Kumar Gupta, IAS, Additional Chief Secretary, Power & NES Deptt.; Shri Rajesh Panday, IAS, Chairman & Managing Director, WBSEDCL & Shri Santanu Basu, IAS, Chairman & Managing Director, WBPDCL in a meeting with foreign delegates & other high officials at BGBS 2018

Shri Sobhandeb Chattopadhyay, Hon'ble MIC, Power & NES Deptt., GoWB along with Shri Sunil Kumar Gupta, IAS, Additional Chief Secretary, Power & NES Deptt., Shri Santanu Basu, IAS, CMD, WBPDCL and Shri Rajesh Panday, IAS, CMD, WBSEDCL in a meeting with Mr. Grzegorz Tobiszowski, Secretary of State, Ministry of Energy, Poland.

Shri Sobhandeb Chattopadhyay, Hon'ble MIC, along with Additional Chief Secretary and CMD, WBSEDCL in a meeting with Mr. Slobodan Mitrovic of P E Electric, Serbia

Shri Sobhandeb Chattopadhyay, Hon'ble MIC, along with Additional Chief Secretary, and CMD, WBSEDCL in a meeting with Mr. Stephanus Lintker of Energy Agentur, Germany

Shri Sobhandeb Chattopadhyay, Hon'ble MIC, along with Additional Chief Secretary; CMD, WBSEDCL in a meeting with Uzair Syed, India Lead, High Growth Markets Unit, SCOTTISH Development International

BENGAL GLOBAL BUSINESS SUMMIT
16 - 17 January '18

MoU with GIZ Germany

MoU with Poland during Session on Power

MoU between RECL and WBSEDCL on 'Financing Future CAPEX Projects of WBSEDCL'

সম্পাদকীয়

২০১৭-র 'প্রসঙ্গ বিদ্যুৎ'-এর চতুর্থ সংখ্যাটি প্রকাশিত হল। আপনাদের সকলের জেনে ভালো লাগবে যে ইতিমধ্যেই ডব্লুবিপিডিসিএল বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বেশ কয়েকটি পুরস্কার পেয়েছে। যেমন — ইনস্টিটিউট অফ ইকোনমিক স্টাডিজ, নিউ দিল্লি-র পক্ষ থেকে এক্সেলেন্স অ্যাওয়ার্ড এবং পাওয়ার সেক্টর স্কিল কাউন্সিল-এর পক্ষ থেকে ট্রেনিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড। এছাড়াও আমাদের চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, শ্রী শান্তনু বসু-কে ইনস্টিটিউট অফ ইকোনমিক স্টাডিজ, নিউ দিল্লি-এর পক্ষ থেকে উদ্যোগ রতন অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।

আশা করি এই সকল পুরস্কার প্রাপ্তি ডব্লুবিপিডিসিএল-এর সকল স্তরের কর্মীদের ডব্লুবিপিডিসিএল-এর এই এগিয়ে চলার পথে আরও উন্নত পরিষেবা দিতে উৎসাহিত করবে।

ধন্যবাদ ও শুভেচ্ছা সহ,
সম্পাদকমণ্ডলী

সূচিপত্র

নিগম সমাচার	৬-৯
সচেতনতা	৯-১০
সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড	১০-১২
সহকর্মীদের অবসরের তালিকা	১২

১৪ ডিসেম্বর ২০১৭ শ্রী সৌমিত্রশংকর সেনগুপ্ত, ডিরেক্টর (এইচ আর) এবং শ্রী সোমনাথ দে, চিফ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স অফিসিও ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল-এর হাতে পাওয়ার সেক্টর স্কিল কাউন্সিল কর্তৃপক্ষ ট্রেনিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০১৭ প্রশংসাপত্র দেওয়ার একটি মুহূর্ত

১৫ ডিসেম্বর ২০১৭ ইনস্টিটিউট অফ ইকোনমিক স্টাডিজ, নিউ দিল্লি আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডব্লুবিপিডিসিএল-কে এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০১৭ এবং শ্রী শান্তনু বসু, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল-কে উদ্যোগ রতন অ্যাওয়ার্ড ২০১৭ প্রদান করা হয়। ডব্লুবিপিডিসিএল-এর তরফে এই পুরস্কার গ্রহণ করেন শ্রী শুভাশীষ ঘোষ, ডিরেক্টর (ও অ্যান্ড এম)

নিগম সমাচার

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর বিভিন্ন প্রকল্পের কার্যকলাপের বর্তমান অবস্থান

ক. কার্যনিবাহী প্রকল্প

১. নতুন প্রকল্প :

I. সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প - Phase - II Extension Unit # 3 এবং Unit # 4 (2 x 500 MW) — প্রকল্পটির ৬টি মুখ্য প্যাকেজ নিম্নরূপ :

● মেইন প্ল্যান্ট (ভেল) ● কোল হ্যান্ডলিং প্ল্যান্ট ● জোড়া ফ্লু চিমনি ● ন্যাচারাল ড্রাফট কুলিং টাওয়ার ● অ্যাশ হ্যান্ডলিং প্ল্যান্ট ● ওয়াটার ইনটেক এবং প্ল্যান্ট ওয়াটার সিস্টেম।

● **মেইন প্ল্যান্ট (ভেল) —** ১ জুলাই ২০১৬, Unit # 3-এর C.O.D. ঘোষণা করা হয়েছে। ২০ ডিসেম্বর ২০১৬ Unit # 4-এর C.O.D. ঘোষণা করা হয়েছে।

● **কোল হ্যান্ডলিং প্ল্যান্ট —** দ্বিতীয় Stacker-Cum-Reclaimer-টির commissioning activity চলছে। আশা করা হচ্ছে ফেব্রুয়ারি ২০১৮-র মধ্যে শেষ হবে। মার্চ ২০১৮-র মধ্যে বাকি কাজ শেষ হয়ে যাবে।

● **জোড়া ফ্লু চিমনি —** চিমনির কাজ শেষ হয়ে গেছে।

● **ন্যাচারাল ড্রাফট কুলিং টাওয়ার —** Cooling Tower-এর সমস্ত কাজ শেষ হয়ে গেছে। এখন PG-Test-এর প্রস্তুতির কাজ চলছে।

● **অ্যাশ হ্যান্ডলিং প্ল্যান্ট —** Unit # 4-এর Wet System Ash Disposal System সম্পূর্ণ হয়ে গেছে এবং Unit # 3-এর Wet System মার্চ ২০১৮-র মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে। Unit # 3 এবং Unit # 4-এর Dry ash disposal system ডিসেম্বর ২০১৮-তে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

● **ওয়াটার ইনটেক এবং প্ল্যান্ট ওয়াটার সিস্টেম —** ইনটেক পাম্প House-এ দুইটি Raw water pumps- এর Trial run সম্পূর্ণ হয়ে গেছে। DM water without PLC Equipment সম্পূর্ণ হয়ে গেছে। আশা করা হচ্ছে মার্চ ২০১৮-র মধ্যে সমস্ত বাকি কাজ শেষ হবে।

II. সৌরবিদ্যুৎ প্রকল্প — Rooftop সৌরবিদ্যুৎ প্রকল্পের সাগরদীঘিতে-3.5 MW-এর জন্য School Building-এ সৌর প্যানেল বসানো সম্পূর্ণ হয়ে গেছে এবং অন্য Building-এ সৌর প্যানেল বসানোর কাজ চলছে। কোলাঘাটে 1.5 MW-এর জন্য সৌর প্যানেল বসানো শুরু হয়ে গেছে। সাঁওতালডিতে 700 KW এবং ব্যান্ডেলে 2 MW প্ল্যান্ট বসানোর Engineering কাজকর্ম শেষ হয়ে গেছে। খুব শ্রীঘ্রই সাঁওতালডি ও ব্যান্ডেলে সৌর প্যানেল বসানোর কাজ শুরু হবে।

মার্চ ২০১৮-র মধ্যে সমস্ত প্ল্যান্টে উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়। অন্যদিকে সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে 10 MW উৎপাদন ক্ষমতা সম্পন্ন সৌর বিদ্যুৎ প্রকল্পের কাজ চলছে। যার জন্য সৌর প্যানেল ground-এ বসানো হবে। এখন Land Area levelling–এর কাজ চলছে। এই প্রকল্প আগামী মে ২০১৮-তে সম্পন্ন হবে বলে আশা করা যায় ।

২. নবীকরণ ও আধুনিকীকরণ প্রকল্প :

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র Phase – I Unit # 1, 2 & 3 (3×210 MW) ESP নবীকরণ ও আধুনিকীকরণ প্রকল্প : Unit # 1,2 &3 ESP R&M-এর জন্য M/s K C Cottrell India Pvt. Ltd.-কে ২২ মার্চ ২০১৭ তারিখে LOA দেওয়া হয়েছে। Unit #3 ESP-এর Dismantling সম্পূর্ণ হয়ে গেছে এবং Pile-এর কাজ শুরু হয়ে গেছে। Unit # 1, 2 & 3-এর ESP-এর সঙ্গে সম্পর্কিত AHP-System, R&M-এর জন্য M/S Indure Pvt. Ltd.-কে ৬ জুলাই ২০১৭ তারিখে LOA দেওয়া হয়েছে। Vacuum pumps, bottom ash refactory and ash conveying lines-এর Dismounting-এর কাজ শুরু হয়েছে।

খ. ভবিষ্যৎ প্রকল্প

I. সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প Phase III Extension unit (1×660 MW) Project : সাগরদীঘিতে যে ৫নং 660 MW Supercritical Unit গড়ার সিদ্ধান্ত করা হয়েছে তার Final EIA (Environmental Impact Assessment) Report প্রস্তুতির কাজ চলছে। শীঘ্রই অন্তিম ছাড়পত্রের জন্য MOEF (Ministry of Environment and Forests)-এর কাছে আবেদন করা হবে। গত ৭ নভেম্বর ২০১৭ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছিল। চারটি ভেন্ডার Prebid-এ অংশ গ্রহণ করেছিল ১) M/s Bhel, ২) M/s GE Power, ৩) M/s Doosan Pvt. Ltd., এবং ৪) M/s L&T Power। এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে EPC ভেন্ডার ফাইনাল করার চেষ্টা করা হচ্ছে।

II. বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে 1 × 660 MW ক্ষমতাসম্পন্ন ৬নং ইউনিট বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যে DPR তৈরি হয়েছে। পরিবেশের ছাড়পত্র পাওয়ার জন্য Consultant নিয়োগ করা হয়েছে।

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ও অ্যান্ড এম কার্যকলাপের বর্তমান অবস্থা

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র :

● ১২ জুন ২০১৭ থেকে Unit # 6-এ, Generator Casing, HP Casing, DCS স্থাপন এবং ESP-র ১২টি field পরিবর্তনের জন্য পরিকল্পিতভাবে বন্ধ রাখা হয়েছে। টারবাইন ভাইব্রেশনের অসুবিধার কারণে আনুমানিক সমাপতন মুলতুবি হয়েছে। প্রত্যাশিত সমাপতন ২০ জানুয়ারি ২০১৮।

• Unit #2 এই সময়সীমায় NGT issues-এর কারণে দুবার বন্ধ রাখতে হয়েছে।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প :

• অক্টোবর ২০১৭ - ডিসেম্বর ২০১৭-র মধ্যে 0.3 ml/KwH তেল খরচ হয়েছে যা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের মানের মধ্যে।

• কয়লা সরবরাহের অসুবিধার কারণে উৎপাদন সীমাবদ্ধ ছিল।

ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র :

• ১৬-২৬ ডিসেম্বর ২০১৭ অবধি Wagon Tippler overhauling করা হয়েছিল।

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র :

• অক্টোবর ২০১৭ - ডিসেম্বর ২০১৭-তে 8.7% APC (Auxilliary Power Consumption) চালিত হয়েছে যা পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ পর্ষদের নির্ধারিত মানের মধ্যে।

• অক্টোবর ২০১৭-ডিসেম্বর ২০১৭-এর মধ্যে 0.2 ml/KwH তেল খরচ হয়েছে যার মান পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ পর্ষদের নির্ধারিত মানের মধ্যে।

• Unit # 5-এর খারাপ হয়ে যাওয়া জেনারেটরটি সারানোর পর ২৫ ডিসেম্বর ২০১৭-তে সফলভাবে পুনরায় চালু করা হয়েছে।

সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প :

• ২০ ডিসেম্বর ২০১৭ থেকে Unit # 4 -এ Self ashing mode-এ কাজ চলছে। কয়লা সরবরাহের অসুবিধার কারণে উৎপাদন সীমাবদ্ধ।

• জুলাই ২০১৭– সেপ্টেম্বর ২০১৭-র তুলনায় অক্টোবর ২০১৭– ডিসেম্বর ২০১৭-তে তেল খরচ কমেছে।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড :

• ১১ নভেম্বর ২০১৭-তে বক্রেশ্বর TPS-এ প্রথম Plant Operation Performance Review Meet অনুষ্ঠিত হয়েছিল।

• ৩-৪ ডিসেম্বর ২০১৭-তে কর্পোরেট অফিসে একটি বয়লার লিকেজ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছিল।

• ২৬ ডিসেম্বর ২০১৭-তে একটি MTP/O&E meet অনুষ্ঠিত হয়েছিল, যেখানে কর্মনীতির উন্নতি এবং মান নির্দিষ্ট করার বিষয়ে জোর দেওয়া হয়েছিল।

• কয়লা সরবরাহের অসুবিধার কারণে উৎপাদন সীমাবদ্ধ ছিল।



WBPDCL Performance Comparison 2017-18 and 2016-17 (up to December)

DESCRIPTION		KOLAGHAT THERMAL POWER STATION		BAKRESWAR THERMAL POWER STATION		BANDEL THERMAL POWER STATION		SANTALDIH THERMAL POWER STATION		SAGARDIGHI THERMAL POWER STATION		WBPDCL	
		2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17	2017-18	2016-17
Generation (MU)		3388.638	4765.884	5538.589	5337.668	1459.270	1340.265	1891.213	2639.731	4659.324	3320.188	16937.034	17403.736
PLF (%)		40.748	57.310	79.922	77.023	48.594	44.631	57.309	79.992	44.122	52.601	52.749	62.47
Backdown (MU)		143.80	405.94	225.82	462.76	145.670	211.042	51.18	279.04	68.69	399.88	635.158	1758.667
Deemed PLF(%)		42.705	62.779	83.531	84.454	54.065	52.608	59.01	89.22	44.846	59.806	54.953	69.605
APC (%)		11.61	10.75	9.72	10.15	11.33	11.90	8.76	8.41	10.16	12.07	10.251	10.54
Ex-bus Availability (MU)		3115.13	4635.45	5232.22	5281.12	1447.74	1398.78	1774.82	2690.33	4274.61	3337.05	15844.523	17342.737
Ex-bus Availability (%)		41.44	61.661	82.968	83.744	53.388	51.58	59.10	89.588	43.366	58.097	53.901	68.60
Oil Rate (ml/kwh)		1.751	2.284	0.319	0.886	6.426	7.663	0.394	0.290	2.890	3.717	1.847	2.241
Coal Rate (kg/kwh)		0.787	0.822	0.589	0.671	0.746	0.815	0.626	0.635	0.621	0.639	0.655	0.712
Number of shutdowns	Planned	1	1	1	3	2	3	0	1	1	0	5	8
	Total Forced	52	67	30	22	77	93	8	11	74	60	241	253
	BTL	12	9	4	5	35	28	2	1	8	4	61	47
	LSD	11	26	9	6	6	13	0	3	2	7	28	55
Availability Factor (%)		56.71	81.44	90.75	88.41	68.38	67.48	59.57	88.82	62.17	68.61	67.33	79.72
Loading Factor (%)		71.85	70.37	88.07	87.12	71.06	66.14	96.20	90.06	70.97	76.67	78.34	78.35

১১ অক্টোবর ২০১৭ বিদ্যুৎ উন্নয়ন ভবনে চেকোস্লোভাকিয়ার প্রতিনিধি দলের সঙ্গে ডব্লুবিপিডিসিএল-এর মাইন ম্যানেজমেন্ট সংক্রান্ত মিটিং-এর একটি মুহূর্ত

RE-COMMISSIONING OF STPS UNIT # 5 250 MW GENERATOR

STPS unit #5 got tripped on 26.05.2017 due to 100% stator earth fault. On inspection by BHEL it was confirmed that the stator got damaged which is beyond repair and the rotor is also damaged which has to be sent to repair to BHEL, HARIDWAR for further checking and repair. In line with that a new stator has to be purchased and re-commissioned.

Following was the challenges which STPS had to overcome:

- The OEM M/S BHEL has given 15 months time for the manufacturing of complete stator along with accessories. Despite that due to constant persuasion by STPS authority and corporate authority and deputation of engineers from STPS at BHEL HARIDWAR, the stator has been completely manufactured, tested and dispatched within 5 months.
- As per the OEM the usual transit time of stator from BHEL HARIDWAR to STPS is 60 days. But several measures like i) changing of high HP puller ii) good axles iii) additional power pack for turning etc. have been implemented through negotiation with the transporter iv) co-ordination among WEST BENGAL, BIHAR, JHARKHAND administration and other agencies were taken up. Also a person from STPS has been deployed to come all the way from BHEL HARIDWAR to STPS along with the trailer. Moreover constant tracking of position of trailer and persuasion has ultimately made possible to reach the trailer at STPS site within only 17 days.
- To minimize the total erection and re-commissioning time without compromising any erection and commissioning parameters, STPS has thoroughly reviewed the bar chart time to time and squeeze the time by parallel activity wherever possible and monitor the activities of re-commissioning on hourly basis by deputing engineer round the clock. Ultimately the total activities have been completed and machine was synchronized within 25 days from the receipt of new stator, despite the fact that OEM proposed 45 days activity schedule in the initial, submitted bar chart.
- Since this type of stator (THRI-TVPI) is prone to overhang vibration, STPS has taken special measure to implement online end winding vibration monitoring system of stator overhang portion to avoid any unprecedented failure of this nature.

Unit # 5 of STPS was synchronized on 25.12.2017 and till then no abnormality in generator has been observed and the level of vibration & other parameters are better than earlier running parameters since initial commissioning in 2007.

সাফল্য ও কৃতিত্ব

বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়-এর প্রাক্তন ছাত্রী মহোর্মি মজুমদার 'জগদীশ চন্দ্র বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ'-এর সিনিয়র স্কলারশিপ লাভের দুর্লভ স্বীকৃতি অর্জন করেছে এবং তৎসহ NEET পরীক্ষায় আকর্ষণীয় স্থান লাভ করে বর্তমানে ক্যালকাটা মেডিক্যাল কলেজে পাঠরতা। বিদ্যালয় তাঁকে আগামী দিনে ভারতবর্ষের এক দায়িত্বশীল সু-চিকিৎসক রূপে প্রতিষ্ঠিত হওয়ার শুভকামনা জানায়।

মহোর্মি মজুমদার

৩০ অক্টোবর, ২০১৭ বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী সুপ্রিয়া সরকার, (পিতা - শ্রী মলয় সরকার, Quality Control Officer, WBPDCL Coal Mines, Barjora Site), ডব্লুবিপিডিসিএল-এর ভিজিলেন্স সেল দ্বারা আয়োজিত 'আমার স্বপ্ন : দুর্নীতিমুক্ত ভারত' বিষয়ে আন্ত: বিদ্যালয় প্রবন্ধ প্রতিযোগিতাতে প্রথম স্থান অধিকার করে বিদ্যালয়কে গৌরবান্বিত করেছে। আগামী দিনে বিদ্যালয় সুপ্রিয়ার আরও সাফল্য কামনা করে।

সুপ্রিয়া সরকার

সচেতনতা

কন্যাশ্রী প্রকল্পের প্রতিযোগিতায় বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়ের ছাত্রীদের সাফল্য — বীরভূম জেলার অন্তর্গত সিউড়ি ১ ব্লকের কন্যাশ্রী দিবস অনুষ্ঠান উপলক্ষে ওই ব্লকের অভ্যন্তরস্থ সমস্ত স্কুলগুলির মধ্যে বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়ের ছাত্রীরা বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় উজ্জ্বল কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। আবৃত্তি প্রতিযোগিতায় প্রথম হয়েছে পৃথ্বীশা রায় (পঞ্চম থেকে অষ্টম শ্রেণী বিভাগে) এবং মনীষা মালিক (নবম থেকে দ্বাদশ শ্রেণি বিভাগে)। ক্যুইজ প্রতিযোগিতায় যুগ্মভাবে প্রথম হয়েছে অঙ্কনা পারি ও মণিদীপা রায়চৌধুরী। এছাড়াও তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করেছে সুপ্রিয়া সরকার।

বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় সফল ছাত্রীরা (বাঁ দিক থেকে - পৃথ্বীশা রায়, মনীষা মালিক, অঙ্কনা পারি, মণিদীপা রায়চৌধুরী এবং সুপ্রিয়া সরকার)

ধৃতিশ্রী মণ্ডল

ধৃতিশ্রী মণ্ডল (পিতা সুরেশ চন্দ্র মণ্ডল, সিনিয়র ম্যানেজার, AHP-E/M, বিটিপিএস) ন্যাশনাল ট্যালেন্ট সার্চ স্কিম-২০১৭-র দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য স্কলারশিপ অ্যাওয়ার্ড লাভ করেছে। ২০১৭-এর ICSE পরীক্ষায় ধৃতিশ্রী ৯৭.২% নম্বর পেয়ে পশ্চিমবঙ্গে দশম স্থান এবং ভারতবর্ষে দ্বাদশ স্থান অধিকৃত করে। বর্তমানে ধৃতিশ্রী টেকনো ইন্ডিয়া গ্রুপ স্কুল চুঁচুড়া-তে একাদশ শ্রেণি-তে বিজ্ঞান নিয়ে পড়ছে।

দেবাঞ্জন ধোলে

Holy-Cross School, Chandankiyari UKG-এর ছাত্র দেবাঞ্জন ধোলে (পিতা শ্রী দীপক কুমার ধোলে, জুনিয়র ম্যানেজার (সিভিল)-আইপিএইচ, এসটিপিএস) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে দি ন্যাশনাল ইনস্টিটিউট অফ কলাভারতী চাইল্ড আর্ট, উরঙ্গাবাদ (মহারাষ্ট্র) আয়োজিত 'ন্যাশনাল ড্রয়িং কম্পিটিশান'-২০১৭ প্রতিযোগিতায় সর্বভারতীয় স্তরে প্রথম স্থান অধিকার করে 'বালকলারত্ন' পুরস্কার অর্জন করেছে। দেবাঞ্জন-এর এই সাফল্য বিদ্যালয় ও এসটিপিএস এর মুখ উজ্জ্বল করেছে। আগামী দিনে দেবাঞ্জন-এর আরও সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভেচ্ছা রইল।

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে ফায়ার ফাইটিং মক ড্রিল — ১১ ডিসেম্বর ২০১৭ এসটিপিএস মেন টেকনিক্যাল বিল্ডিং-এর সামনে ফায়ার ফাইটিং মক ড্রিল-এর আয়োজন করে ফায়ার অ্যান্ড সেফটি ডিপার্টমেন্ট এবং এসটিপিএস ফায়ার ব্রিগেড। সেখানে বিভিন্ন Fire Extinguisher (Water Type, Carbon Di-oxide, Mechanical Foam, Dry Chemical Powder)-এর সঠিক প্রয়োগ ও ব্যবহার পদ্ধতি সম্বন্ধে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। এই মক ড্রিল এসটিপিএস-এর বিভিন্ন বিভাগ-এর কর্মচারী, আধিকারিকবৃন্দ

এবং বিভিন্ন কনট্রাকটার এমপ্লয়ী-রা যোগদান করেন। সেখানে কৃত্রিমভাবে আগুন জ্বালিয়ে নিজ হাতে সঠিক ফায়ার এক্সটিনগুইজার ব্যবহার করে সম্পূর্ণভাবে আগুন নেভানোর প্র্যাক্টিস করানো হয়। আশা করা যায় এই মক ড্রিল-এর ফলে আগামী দিনে যে-কোনো অগ্নিকাণ্ডে যে-কোনো কর্মচারী বা আধিকারিক সঠিক ফায়ার এক্সটিনগুইজার নির্বাচন করে মুহূর্তের মধ্যে সম্পূর্ণভাবে আগুন নেভাতে এবং অগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি রোধ করতে পারবেন। এই মক ড্রিল তিন মাস অন্তর বিভিন্ন জায়গায় করে দেখানো হয়।

বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত বিদ্যালয়-এ 'কনজিউমার ক্লাব'-এর অনুষ্ঠান — সম্প্রতি বিকেটিপিপি প্রবীর সেনগুপ্ত

বিদ্যালয়-এ ‘কনজিউমার ক্লাব’-এর উদ্যোগে ছাত্রছাত্রীদের জন্য একটি বিশেষ সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গ সরকারের উপভোক্তা দফতরের বিশিষ্ট আধিকারিকরা অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য রাখেন।

২৮ অক্টোবর ২০১৭ ত্রিবেণী থার্মাল ডা. বিধানচন্দ্র রায় উচ্চ বিদ্যালয়-এ সিস্টার নিবেদিতার জন্মদিবস উদ্‌যাপনের একটি মুহূর্ত

সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

১৬ নভেম্বর ২০১৭ বক্রেশ্বর তাপবিদ্যুৎ উপনগরীর ‘সৃজনী’ প্রেক্ষাগৃহে **হোলি মাদার ইংলিশ মিডিয়াম প্রাইমারি স্কুল**-এর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান আড়ম্বর সহকারে পালিত হয়। বিদ্যালয়ের শিক্ষক,

শিক্ষিকা, ও ছাত্র-ছাত্রীদের যৌথ প্রচেষ্টায় এই অনুষ্ঠান সকলের ভূয়সী প্রশংসা অর্জন করে। নাচ, গান, আবৃত্তি নাটক ও যোগের মাধ্যমে পরিপূর্ণ অনুষ্ঠানটি অংশগ্রহণকারীদের শৈল্পিক প্রতিভার পরিচয় প্রদান করে। উপনগরীর জনগণ ও অভিভাবক- অভিভাবিকারা এই অনুষ্ঠান দেখে মুগ্ধ হন।

কেটিপিএস প্রমোদ সংস্থা-র সাহিত্য পত্রিকা ‘তরঙ্গ’-র উৎসব সংখ্যার প্রকাশ করছেন শ্রী গৌতম জানা, এইচওডি, আইপিএইচ (ই) ও শ্রী মুক্তিপদ চক্রবর্তী, এইচওডি, এএইচপি (ই)

কেটিপিএস প্রমোদ সংস্থা আয়োজিত সারা বাংলা একাঙ্ক নাট্যোৎসবের একটি মুহূর্ত

বিজয়া সম্মেলনী

৩০ অক্টোবর ২০১৭ কেটিপিএস প্রমোদ সংস্থা আয়োজিত বিজয়া সম্মেলনীর একটি মুহূর্ত

১৬ অক্টোবর ২০১৭ প্রতি বছরের মতো এই বছরেও **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের অফিসার্স রিক্রিয়েশন ক্লাব**-এর উদ্যোগে বিজয়া সম্মিলনী অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন, এবং নৈশভোজের আয়োজন করা হয়। উপনগরীর কচিকাঁচাদের এবং বাসিন্দাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ সমগ্র অনুষ্ঠানটিকে সাফল্যমণ্ডিত করে তোলে।

১৩ নভেম্বর ২০১৭ **এসটিপিএস কর্মী প্রমোদ সংস্থায়** বিজয়া সম্মেলনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে দেওয়াল পত্রিকা 'আরশি'-র উদ্বোধন হয়। উদ্বোধন করেন শ্রী দেবাশিস ভট্টাচার্য, ডিজিএম, এসটিপিএস। এছাড়াও উপস্থিত ছিলেন শ্রী মাধব প্রামাণিক, ডিজিএম, এসটিপিএস এবং অন্যান্য আধিকারিকবৃন্দ।

বিজয়া সম্মেলনী অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করে এসটিপিএস কর্মী প্রমোদ সংস্থার 'ছোট্ট প্রয়াস'।

বড়দিন উদ্‌যাপন

২৫ ডিসেম্বর ২০১৭ কেটিপিএস প্রমোদ সংস্থার ব্যবস্থাপনায় বড়দিন উদ্‌যাপনের একটি মুহূর্ত

২৫ ডিসেম্বর ২০১৭ বিটিপিএস অফিসার্স রিক্রিয়েশন ক্লাব আয়োজিত বড়দিন উদ্‌যাপনের একটি মুহূর্ত

পিকনিক

২৪ ডিসেম্বর ২০১৭ প্রতি বছরের মতো এই বছরও **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের অফিসার্স রিক্রিয়েশন ক্লাব**-এর উদ্যোগে তাজপুরে পিকনিক আয়োজন করা হয়। এই উপলক্ষে উপনগরীর বাসিন্দাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ অনুষ্ঠানটিকে রঙিন করে তোলে।

২৪ ডিসেম্বর ২০১৭ **এসটিপিএস কর্মী প্রমোদ সংস্থা** বনভোজনের আয়োজন করে। ক্লাবের সদস্য-সদস্যা এবং তাদের পরিবারবর্গকে নিয়ে পাঞ্চেত জলাধারে বনভোজনের আয়োজন করা হয়।

নতুন বছর উদ্‌যাপন

প্রত্যেক বছরের মতো **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের অফিসার্স রিক্রিয়েশন ক্লাব** নতুন বছরের উদ্‌যাপন করে। এই অনুষ্ঠানে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি নৈশভোজের আয়োজন করা হয়। ফানুস উত্তোলনের মাধ্যমে শ্রী তাপস পাত্র, জেনারেল ম্যানেজার, কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র নতুন বছরকে স্বাগত জানান। এই অনুষ্ঠানে বিভিন্ন ধরনের আতসবাজির প্রদর্শন করা হয়। উপনগরীর বাসিন্দাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি আনন্দমুখর হয়ে ওঠে।

বিটিপিএস-এ এটিএম উদ্বোধন

১৫ ডিসেম্বর ২০১৭ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-র এটিএম যৌথভাবে উদ্বোধন করছেন শ্রী সিতাংশু দেবনাথ, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র এবং এসবিআই-এর উচ্চপদস্থ আধিকারিক।

খেলা

২৪-২৫ ডিসেম্বর ২০১৭ কেটিপিএস প্রমোদ সংস্থা আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার একটি মুহূর্ত

অবসরগ্রহণকালীন সংবর্ধনা

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের সেমিনার রুমে গত নভেম্বর ও ডিসেম্বর মাসে অবসরগ্রহণকালীন সংবর্ধনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় শ্রী পুষ্পেন্দু সেন, জেনারেল ম্যানেজার, বিকেটিপিপি কর্তৃক নভেম্বর মাসে শ্রী অশোককুমার চক্রবর্তী, ডিজিএম (ইএনজিজি) ও শ্রী প্রদীপ রায়, ম্যানেজার (পিএস), এবং ডিসেম্বর মাসে শ্রী প্রদীপকুমার দে, জুনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ)-কে অবসরগ্রহণকালীন সংবর্ধনা দেওয়া হয়।

৩০ নভেম্বর ২০১৭ শ্রী সুকুমার ভক্ত, সিনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট, ডব্লুবিপিডিসিএল কর্পোরেট অফিস-এর অবসরগ্রহণকালীন সংবর্ধনা সভায় শ্রী ভক্তা-র হাতে মেমেন্টো তুলে দিচ্ছেন শ্রী স্বপন কুমার বন্দ্যোপাধ্যায়, এক্সিকিউটিভ ডিরেক্টর (পি অ্যান্ড পি), ডব্লুবিপিডিসিএল

প্রিয় সহকর্মীবৃন্দ যাঁরা আমাদের প্রতিষ্ঠানে তাঁদের সুদীর্ঘ কর্মজীবন সম্পন্ন করলেন

নাম	পদ	কর্মস্থল	তারিখ
পূর্ণিমা মুখার্জী	গ্রেড-১ জেনারেল ডিউটি অ্যাটেন্ডেন্ট	কেটিপিএস	৩১-১০-২০১৭
দিলীপকুমার দোলুই	টেকনিশিয়ান (পিএইচএম)	”	”
আশিস দাস	ম্যানেজার (পিএস)	”	”
রতনকুমার অধিকারী	সিনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট	বিটিপিএস	”
ভবানীপদ ভৌমিক	ম্যানেজার (পিএস)	”	”
স্বপনকুমার বোস	জুনিয়র ম্যানেজার (ইউটিলিটি)	”	”
মহ. মুর্তুজা মিয়া	অপারেটর গ্রেড - ১	”	”
দিলীপ দাস	অপারেটর গ্রেড - ১	”	”
নন্দগোপাল দাস	স্পেশাল অপারেটিং অ্যাসিস্ট্যান্ট	এসটিপিএস	”
বীরশা মহলী	টেকনিশিয়ান গ্রেড-১ (এমডব্লু)	”	”
শীতলচন্দ্র মাজী	চার্জম্যান	”	”
সুকুমার ভক্তা	সিনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট	কর্পোরেট	৩০-১১-২০১৭
নরেন্দ্রনাথ পাল	জুনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ)	কেটিপিএস	”
পাঁচুগোপাল মান্না	চার্জম্যান (সিএইচএম)	”	”
প্রতুল দে	জুনিয়র ম্যানেজার (ইউটিলিটি)	”	”
অর্ধেন্দু ভট্টাধিকারী	ম্যানেজার (পিএস)	”	”
শেখ রুহুল আমিন	টেকনিশিয়ান (এইচইএম)	”	”
পঞ্চানন বেরা	ম্যানেজার (পিএস)	”	”
তপনকুমার দত্ত	ম্যানেজার (পিএস)	বিটিপিএস	”
গৌতমকুমার পাঠক	জুনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ)	”	”
অপর্ণা মণ্ডল	জুনিয়র ম্যানেজার (এফ অ্যান্ড এ)	”	”
সতীশচন্দ্র দাস	অপারেটর গ্রেড - ১	”	”
বীরেন্দ্রনাথ রায়	টেকনিশিয়ান গ্রেড - ১ (আর অ্যান্ড আই)	”	”
তরুণকুমার আদক	ম্যানেজার (পিএস)	”	”
দেবাশিস মুখোপাধ্যায়	জুনিয়র ম্যানেজার (পিএইচএম)	এসটিপিএস	”
বাসুদেব মাহাতো	গ্রেড-১ রেকর্ড সাপ্লায়ার	”	”
সুনির্মল চক্রবর্তী	জুনিয়র ম্যানেজার (এইচইএম)	”	”
প্রদীপ রায়	ম্যানেজার (পিএস)	বিকেটিপিপি	”
অশোককুমার চক্রবর্তী	ডেপুটি জেনারেল ম্যানেজার (ইএনজিজি)	”	”
না থেকেও থাকবেন যাঁরা			
সন্দীপকুমার চট্টোপাধ্যায়	ম্যানেজার (পিএস)	কর্পোরেট	০৫-১২-২০১৭
শম্ভুকান্তি মজুমদার	টেকনিশিয়ান গ্রেড-১ (পিএইচএম)	বিটিপিএস	১১-১২-২০১৭

প্রকাশক : দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ড এ)

উপদেষ্টা : অমিত ভট্টাচার্য, ডিরেক্টর (আরএ) অ্যান্ড কোম্পানি সেক্রেটারি ; সৌমিত্রশংকর সেনগুপ্ত, ডিরেক্টর (এইচআর); অমলেশ কুমার, ডিরেক্টর (মাইনিং);সোমনাথ দে, চিফ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স অফিশিও ডিরেক্টর; ইন্দ্রনীল দত্ত, ডিরেক্টর (প্রজেক্টস্), শুভাশীষ ঘোষ, ডিরেক্টর (ও অ্যান্ড এম)

সম্পাদকমণ্ডলী : অসীম রায়চৌধুরী, ডেপুটি জেনারেল ম্যানেজার (কর্পোরেট কমিউনিকেশন), মধুসূদন মুখার্জী, সিনিয়র ম্যানেজার (পিএস), ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র ; জ্যোতিশংকর পোদ্দার, সিনিয়র ম্যানেজার (ও অ্যান্ড ই), কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র; সুস্নাত আইচ, সিনিয়র ম্যানেজার (পিএস), সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প; সৌম্য কান্তি দাস, সিনিয়র ম্যানেজার (পিএস), বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প; অনিরুদ্ধ নন্দী, ম্যানেজার (পিএস), সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র; বিটু বিশ্বাস, ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস; অর্ণব বোস, ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস

সহায়তায় : সৌমিক ব্যানার্জী, ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), বিটিপিএস; প্রিয়ব্রত মণ্ডল, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), এসটিপিএস; দেবজ্যোতি সামন্ত, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), এসজিটিপিপি; সুমন দে, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), বিকেটিপিপি; অস্মি চক্রবর্তী, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (কর্পোরেট কমিউনিকেশন), কর্পোরেট অফিস

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (কর্পোরেট আইডেনটিটি নং : U40104WB1985SGC039154), জনসংযোগ বিভাগ কর্তৃক প্রচারিত